৬৭৮
১৫/০৬/২১

"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কল্যাণ শাখা
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০০৬.২০(অংশ-২)/৬৮৭ তারিখ: ০৮/০৬/২০২১ খ্রিঃ।

বিষয়: প্রবাসীদের কর্মীদের পাসপোর্টের মেয়াদ ন্যূনকম ০৬ (ছয়) মাস রাখা সংক্রান্ত।

সূত্র: বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর স্মারক নং- ৩০.৩৪.০০০০.০০১.৪৭.০০০.২১/৩০; তারিখ: ২৮/০৫/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি আরব গমনেচ্ছু রেমিটেন্সযোদ্ধা তথা প্রবাসী কর্মীগণ টিকেট সংগ্রহের সময় তাদের পাসপোর্টের মেয়াদ ভ্রমণের তারিখ থেকে ন্যূনতম ০৬ (ছয়) মাসের কম রয়েছে মর্মে পরিলক্ষিত হয়। টিকেট সংগ্রহের পূর্বে আন্তর্জাতিক নিয়মানুযায়ী পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ছয় মাস আছে তা জ্ঞাত হয়ে বা মেয়াদ উত্তীর্ণের কাছাকাছি তারিখ থাকলে তা বর্ধিত করে বিমানের টিকেট সংগ্রহ করা সমীচীন হবে। উল্লেখ্য, পাসপোর্টের মেয়াদ প্রায় উত্তীর্ণ হওয়া প্রবাসীগণ সৌদি আরব গমন করলেও সৌদি বিমান বন্দর থেকে Deport হওয়ার সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে উক্ত প্রবাসী কর্মীগণকে পুনরায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর মাধ্যমে বাংলাদেশে ফেরত পাঠানো হয়। এতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়ে থাকে। একই সাথে টিকেট গ্রহীতার সৌদি আরবে পূর্বনির্ধারিত হোটেল ভাড়া বাবদ জমাকৃত অর্থ ফেরত পাওয়া থেকে বঞ্চিত হয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে।

০২। উল্লেখ্য, প্রবাসী কর্মীগণ ছুটিতে এসে করোনা মহামারীর কারণে কাংখিত সময়ে Host Country তে গমন করতে না পারায় এবং গত প্রায় এক মাসেরও অধিক সময় যাবত বাংলাদেশ সরকার কর্তৃক করোনার বিস্তার রোধকল্পে জনগণের চলাচলের উপর আরোপিত বিধি নিষেধের কারণে পাসপোর্ট নবায়ন করতে পারেনি। তাছাড়া অনেকে বিদেশে থাকাকালীন বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে পাসপোর্ট নবায়নের/পরিবর্তনের আবেদন করলেও নানা জটিলতায় প্রবাসী কর্মীগণ সঠিক সময়ে পাসপোর্ট পাচ্ছেন না মর্মে মন্ত্রণালয়কে অবহিত করছেন।

০৩। এমতাবস্থায়, বর্ণিত সমস্যা সমাধানের লক্ষ্যে সৌদি আরব গমনেচ্ছু কর্মীদের টিকেট সংগ্রহের সময় তাদের পাসপোর্টের মেয়াদ ভ্রমণের তারিখ থেকে ন্যূনতম ০৬ (ছয়) মাস রয়েছে কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে টিকেট ক্রয় করার জন্য কর্মীদের মধ্যে ব্যাপক সচেতনতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১(এক) পাতা।

০৮.০৬.২০২১

মোঃ সারওয়ার আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৪১০৩০২৬২
ইমেইল: sarwoermm@yahoo.com

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৪. প্রশাসক,বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।
৫. কোম্পানী সচিব, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা, কুর্মিটোলা, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। যুগ্মসচিব সচিব (মিশন ও কল্যাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫। অফিস কপি।

---

# বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২১/১৬৫ তারিখঃ ১৭/০৬/২০২১

সদয় অবগতি ও সানুগ্রহ ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা'র সকল সম্মানিত সদস্য বরাবর অনুলিপি প্রেরণ করা হলো।

১৭/৬/২০২১

**(মুহাম্মাদ মাকসুদুর রহমান)**
সচিব (প্রশাসন), বায়রা।

**বিতরণঃ সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

বিমান বাংলাদেশ এয়ারলাইনস্ লি: Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

স্মারক নং-৩০.৩৪.০০০০.০০১.৪৭.০০০.২১/৬৩০ | তারিখঃ ২৮-০৫-২০২১খ্রিঃ

ড. আহমেদ মুনিরুছ সালেহীন
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
ঢাকা

বিষয়ঃ **সৌদি আরব গমনেচ্ছু রেমিটেন্সযোদ্ধা তথা শ্রমিকদের ভ্রমণকালীন পাসপোর্টের পর্যাপ্ত মেয়াদ না থাকা।**

শ্রদ্ধেয় সচিব মহোদয়,

আস্ সালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় দৃষ্টি আকর্ষণপুর্বক জানাচ্ছি যে, সৌদি আরব গমনেচ্ছু রেমিটেন্সযোদ্ধা তথা শ্রমিকগণকর্তৃক টিকেট সংগ্রহের সময় তাদের পাসপোর্টের মেয়াদ ভ্রমণের তারিখ থেকে ন্যুনতম ছয় মাসের কম রয়েছে মর্মে পরিলক্ষিত হয়। টিকেট সংগ্রহের পূর্বে আন্তর্জাতিক নিয়মানুযায়ী পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ছয় মাস আছে তা জ্ঞাত হয়ে বা মেয়াদ উত্তীর্ণের কাছাকাছি তারিখ থাকলে তা বর্ধিত করে বিমানের টিকেট সংগ্রহ করা সমীচীন হবে।

০২। পাসপোর্টের মেয়াদ প্রায় উত্তীর্ণ হওয়া শ্রমিকগণ সৌদি আরব গমন করলেও সৌদি বিমান বন্দর থেকে Deport হওয়ার সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে প্রবাসী শ্রমিকগণকে পুনরায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর মাধ্যমে বাংলাদেশে ফেরত পাঠানো হয়। ফলস্বরূপ, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়ে থাকে। একই সাথে টিকেট গ্রহীতার সৌদি আরবে পূর্বনির্ধারিত হোটেল ভাড়া বাবদ জমাকৃত অর্থ ফেরত পাওয়া থেকে বঞ্চিত হয়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।

বৈশ্বিক কোভিড-১৯ প্রাদুর্ভাবকালীন উপর্যুক্ত বিষয়ে আপনার ব্যাক্তিগত হস্তক্ষেপ কামনা করছি।

আপনার একান্ত

২৮|০৫|২০২১

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
ফোন: +৮৮০২ ৮৯০১৭০০
ই-মেইল: mdbiman@bdbiman.com

| সচিবের দপ্তর<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | |
|---|---|
| ডায়েরী নং ......৫৫২...... | তাং ...১/৬/২১ |
| □ অতি:/যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) | □ একান্ত সচিব/ ব্যক্তিগত কর্মকর্তা |
| □ অতি:/যুগ্মসচিব (কর্মসংস্থান) | |
| □ অতি:/যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্স:) | সচিব |
| ■ অতি:/যুগ্মসচিব (অভিবাসী কল্যাণ) | |
| ■ অতি:/যুগ্মসচিব (সংস্থা সংস্থার প্রশাসন) | |
| ■ অতি:/যুগ্মসচিব (প্রশিক্ষণ) | |
| ■ অতি:/যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) | |
| □ অতি:/যুগ্মসচিব (গবেষণা, আইন ও নীতি:) | |

২৪৩৭
২/৬/২১